মেহেরপুর পৌর বিএনপির উদ্যোগে জিয়াউর রহমানের শাহাদাৎ বার্ষিকী পালন

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে মেহেরপুর পৌর বিএনপির উদ্যোগে আলোচনা সভা, খাবার বিতরণ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে শহরের ভূমি অফিসপাড়ায় পৌর বিএনপির দক্ষিণ শাখা কার্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি এম এ বারী ফারুকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি ও জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস।

প্রধান অতিথির বক্তব্যে জাহাঙ্গীর বিশ্বাস বলেন, “শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ছিলেন বাংলাদেশের স্বাধীনতা, গণতন্ত্র ও জাতীয়তাবাদী চেতনার অন্যতম প্রবর্তক। দেশের সংকটময় সময়ে তিনি নেতৃত্ব দিয়ে জাতিকে ঐক্যবদ্ধ করেছিলেন। তাঁর আদর্শ ও কর্মময় জীবন নতুন প্রজন্মের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে।”

তিনি আরও বলেন, “জিয়াউর রহমানের আদর্শ বাস্তবায়নে বিএনপির নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। দেশের গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা এবং জনগণের অধিকার আদায়ের আন্দোলনে সবাইকে সক্রিয় ভূমিকা রাখতে হবে।”

আলোচনা সভা শেষে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। পরে উপস্থিত নেতাকর্মী ও অসহায় মানুষের মাঝে খাবার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে পৌর বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের বারাদীতে জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাৎ বার্ষিকী পালন

মেহেরপুর সদর উপজেলার বারাদীতে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে বারাদী ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে ইউনিয়ন বিএনপির আয়োজনে এ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

বিএনপি নেতা সেলিম মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।

হাসানুজ্জামান বিট্টুর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা তাঁতী দলের সভাপতি আরজুল্লাহ রহমান বাবলু মাস্টার।

প্রধান অতিথির বক্তব্যে মাসুদ অরুণ বলেন, “ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, ‘সবার আগে বাংলাদেশ’। আর এই ‘সবার আগে বাংলাদেশ’ গড়তে হলে, বাংলাদেশের মানুষের অধিকার প্রতিষ্ঠা করতে হলে এবং বঞ্চিত মানুষের অধিকার ফিরিয়ে দিতে হলে বিএনপিকে শক্তিশালী করতে হবে। তারেক রহমান যে বাংলাদেশের স্বপ্ন দেখেন এবং শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান যে স্বপ্ন দেখেছিলেন, সেই স্বপ্ন বাস্তবায়নে সর্বপ্রথম বিএনপিকে বাঁচাতে হবে।”

এ সময় বারাদী ইউনিয়ন বিএনপি ও এর বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের শাহাদাত বার্ষিকীতে জেলা বিএনপির নানা কর্মসূচি

সাবেক রাষ্ট্রপতি শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বীর উত্তমের ৪৫তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়ন, ওয়ার্ড ও পৌর এলাকায় দোয়া মাহফিল, খাবার বিতরণ এবং আলোচনা সভাসহ নানা কর্মসূচি পালন করা হয়েছে।

শনিবার দিনব্যাপী অনুষ্ঠিত কর্মসূচিতে দোয়া মাহফিল, আলোচনা সভা ও গণখাদ্য বিতরণ করা হয়।

এ উপলক্ষে মেহেরপুর সদর উপজেলা বিএনপির উদ্যোগে মেহেরপুর জেনারেল হাসপাতালে রোগীদের স্বজন এবং পথচারীদের মাঝে খাবার বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান।

এছাড়া মেহেরপুর পৌরসভার ১ নম্বর ওয়ার্ড বিএনপির আয়োজনে দিনব্যাপী খাদ্য বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। আশরাফপুর ইউনিয়ন বিএনপির উদ্যোগে দোয়া মাহফিল ও খাবার বিতরণ করা হয়। একইভাবে আমদহ ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ড বামনপাড়া বিএনপির পক্ষ থেকেও দোয়া ও খাবার বিতরণ কর্মসূচি পালন করা হয়।

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে যথাযোগ্য মর্যাদায় শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকী পালন করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, রোমান আহমেদ, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহসহ জেলা, উপজেলা, পৌর বিএনপি ও বিভিন্ন অঙ্গসংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী।

বক্তারা তাদের বক্তব্যে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের কর্মময় জীবন, দেশপ্রেম এবং গণতন্ত্র প্রতিষ্ঠায় তাঁর অবদানের কথা স্মরণ করেন। পরে তাঁর রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। কর্মসূচির অংশ হিসেবে সাধারণ মানুষের মাঝে খাবার বিতরণ করা হয়।

মেহেরপুরে জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকীতে পৌর বিএনপির আলোচনা সভা

মহান স্বাধীনতার ঘোষক, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর প্রতিষ্ঠাতা ও শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তমের ৪৫তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে মেহেরপুর পৌর বিএনপির আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যায় মেহেরপুর পৌর বিএনপির উদ্যোগে এ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্য রাখেন জেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক ও মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস। তিনি তাঁর বক্তব্যে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের কর্মময় জীবন, দেশপ্রেম, বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠা এবং দেশের উন্নয়নে তাঁর অবদানের কথা স্মরণ করেন।

তিনি বলেন, জিয়াউর রহমান ছিলেন একজন দূরদর্শী রাষ্ট্রনায়ক, যিনি দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তাঁর আদর্শ অনুসরণ করেই বিএনপির নেতাকর্মীরা দেশের মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছে।

আলোচনা সভা শেষে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। এসময় পৌর বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের জন্মবার্ষিকী পালন

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৮৯ তম জন্মবার্ষিকী উপলক্ষে দোয়া ও আলোচনা সভার আয়োজন করা হয়। আজ রবিবার রাতে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ে এই আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আনছা-উল-হক এর সভাপতিত্বে জেলা বিএনপির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায় দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম,জেলা বিএনপির যুগ্ন আহবায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, জেলা বিএনপি’র সাবেক সভাপতি আলমগীর খান ছাতু, মেহেরপুর জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি এম এ কে খাইরুল বাশার, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি হাফিজুর রহমান হাফি, জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটন, জেলা বিএনপি সাবেক সাংগঠনিক সম্পাদক রোমানা

আহম্মেদ, জেলা বিএনপি সাবেক আইন বিষয়ক সম্পাদক ও পাবলিক প্রসিকিউটর জেলা ও দায়রা জজ আদালত আবু সালেহ মোহাম্মদ নাসিম। এ সময় অন্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হোসেন মিন্টু, সাবেক পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা যুবদলের সহ সভাপতি আনিসুল হক লাভলু, জেলা যুবদলের

সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, মেহেরপুর জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ,পৌর ছাত্রনেতা ফুর্তি হাসান, জনি সহ বিএনপির অঙ্গসংগঠনের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৮৯ তম জন্মবার্ষিকী পালনে সমাবেশ

মুজিবনগর প্রতিনিধি বাংলাদেশের অপর নাম জিয়াউর রহমান এই প্রতিপাদ্যে আজ রবিবার বিকেলে মুজিবনগর উপজেলা বিএনপির একাংশ আয়োজনে, মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারে মহান স্বাধীনতার ঘোষক, বীর মুক্তিযোদ্ধা (বীর উত্তম), শহীদ প্রেসিডেন্ট, জিয়াউর রহমানের ৮৯ তম জন্ম বার্ষিকী উপলক্ষে গণ মিছিল ও সমাবেশে প্রধান অতিথি বক্তব্যে তিনি এসব কথা বলেন, তিনি বলেন ইদানিং শুনছি মুজিবনগর থানায় এপয়েন্টমেন্ট এসেছে থানার দালালি কে করবে।

এপয়েন্টমেন্ট দিয়েছেন যে নেতা তাকে বলি এই অ্যাপয়েন্টমেন্ট এভাবে দিতে যেয়েন না অমক দালালি করবে থানার তমুক দালালি করবে ইউনিয়নের আর আপনারা চাঁদাবাজি করে খাবেন আমরা তা হতে দেব না পুলিশ ভাইয়েরা জেনে রাখুন শুনে রাখুন যদি প্রয়োজন হয় সারা মুজিবনগর আমরা অচল করে দেব।

তিনি প্রশাসনকে উদ্দেশ্য করে বলেন জনগণের ভাষা বুঝবেন, জনগণের কথার বাইরে, জুলাই আগস্ট গণঅভ্যুত্থানের চেতনার বাইরে, রক্তাক্ত সংগ্রামের মধ্য দিয়ে আসা সরকারের কথার বাইরে পদক্ষেপ নিলে আমরা আপনাদের বাড়ি পর্যন্ত যেতে বাধ্য হব। তিনি আরো বলেন, ভয় পাওয়ার কিছু নেই নেতৃত্ব দখল করে যারা থানার দালালি করবেন তারা নেতৃত্ব হারানোর ভয় পান।

আমরা ভয় পাইনা কারন আমরা সাধারণ মানুষের সব ধরনের অধিকার ফিরিয়ে দিয়ে রাষ্ট্রকে জনগণের হাতে তুলে দিতে আমরা বদ্ধপরিকর। গণতন্ত্র পুনরুদ্ধারের যে সংগ্রাম সেই সংগ্রাম যতক্ষণ না পর্যন্ত শেষ হবে ততক্ষণ পর্যন্ত আমরা রাজপথে আছি থাকবো।বিরাট জনসভা কে উদ্দেশ্য করে মাসুদ অরুন বলেন যত মানুষ যত সমর্থন সেখানেই ধানের শীষের জয় জয় গান। অনুষ্ঠানে সদ্য ঘোষিত জেলা বিএনপির আহবায়ক কমিটিকে সুযোগ সন্ধানী ও সুবিধাবাদী উল্লেখ করে এই অনুষ্ঠানে বক্তারা তাদের বক্তব্য রাখেন, সমাবেশের শুরুতে উপজেলার রামনগর খেলার মাঠ থেকে হাজার হাজার নেতাকর্মীর সমন্বয়ে মাসুদ অরুনের নেতৃত্বে বিশাল গণমিছিল কেদারগন্জ, বল্লভপুর, মানিকনগর এর প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কেদারগঞ্জ বাজারের সরকারি মাধ্যমিক বিদ্যালয় মার্কেটের সামনে বিশাল গণ সমাবেশ অনুষ্ঠিত হয়। গণমিছিল ও সমাবেশে উপজেলা রসিকপুর গ্রামের প্রয়াত যুবনেতা

বানারুল ইসলামের স্ত্রী জাহানারা বেগম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য মেহেরপুর জেলা বিএনপির (সাবেক) সভাপতি মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।

সমাবেশে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহবায়ক কমিটির যুগ্ন আহবায়ক জাহাঙ্গীর বিশ্বাস, মেহেরপুর ২ আসনের (গাংনী) সাবেক সংসদ সদস্য জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আমজাদ হোসেন, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, সদর উপজেলা বিএনপির সভাপতি সাইফুল ইসলাম, জেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহ-সভাপতি আজিম উদ্দিন গাজী, উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান, উপজেলা কৃষকদলের সভাপতি আরমান আলী উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক জুলফিকার আলী ভুট্টো।

জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির। জেলা ছাত্রদলের সাবেক যুগ্নসাধারণ সম্পাদক তৌফিকুল ইসলাম মিঠুন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের ভারপ্রাপ্ত আহবায়ক ইমরান আলী, ছাত্রনেতা আরবাজ খান। গণমিছিল সমাবেশে মুজিবনগর উপজেলা বিএনপি, ইউনিয়ন বিএনপি, ওয়ার্ড বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল, শ্রমিকদল এবং ছাত্রদলসহ বিএনপির হাজার হাজার নেতাকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।